SPECIAL ADHESIVE

INDIA

STAMP AFFIXED BY

STAMP SUPERINTENDENT,
CALCUTTA COLLECTORATE

Admissible under Rule 21 ... of the ... under the ... 5 ... of the ... duly stamped ...

Indian Stamp Act 1899

Schedule I A ... 23

Fee paid as under—

A 79.50
N 1.20
80.70

17/1/83

## ॥ সাফ বিক্রয় কোবালা ॥

মুল্য আট হাজার চারি শত সত্তর টাকা মাত্র ।

| কোবালা গ্রহীতা ঃ- | | কোবালা দাতা ঃ- |
|---|---|---|
| লাইট মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিমিটেড | ॥ | শ্রী রামপদ চট্টোপাধ্যায় |
| ১৯৫৬ সনের কোম্পানী আইনানুসারে | ॥ | পিতা শ্রী সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় |
| রেজেষ্ট্রীভুক্ত সীমিত দায়মুক্ত - | ॥ | জাতি হিন্দু পেশা বিষয়ভোগী |
| রেজিষ্টার্ড অফিস, ৪নং ম্যাঙ্গো | ॥ | সাকিন গ্রাম হোয়েরা, থানা মগরা |
| লেন, কলিকাতা ৭০০০০১ । | ॥ | জেলা হুগলী । |

কস্য নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত স্থানীয় মাপে কমবেশী ০.৩৫ শতক অর্থাৎ এক বিঘা দুই ছটাক বত্রিশ স্কোয়ার ফিট শালি জমি মায় তৎসন্নিহিত সর্ব্বপ্রকার ইজমেণ্ট স্বত্বাদি দরবস্ত হক হকুক সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় নির্দ্দোষ অবস্থায় বিক্রয়ের সাফ কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ-

জেলা হুগলী থানা মগরা জেঃ এলঃ নং ১ রেঃ সাঃ নং ১৬১ পরগণা আর্শা মৌজা হোয়েরা মধ্যে জিলা কালেকটারীর ৭নং তৌজী ভুক্ত হাল রিভিসন্যাল জরিপের

১০১নং ...

Presented for Registration on
20 ~~2~~ ... 12th
Jan 19 83
day of
at the Registry Sadar II
Registration Office
by Ram Pada Chattapadhaya
executant / claimant

শ্রী-রামপদ-চট্টোপাধ্যায়

Execution admitted

Ram Pada Chattapadhaya
Surendra nath Chattopadhaya
Hoyera Magra
Hindu
Dist. Hooghly
by Profession Landholder

141

শ্রী-রামপদ-চট্টোপাধ্যায়

Identified

Debraj Chatterjee
Son of Surendra nath Chatterjee
of Hoyera Magra
Hindu
Dist. Hooghly
by Profession Business

দেবরাজ চ্যাটার্জী

Sd/- 12/1/83
Sub-Registrar
Hooghly

Sd/- 12/1/83
Sub-Registrar
Hooghly

148/2

শ্রীরামপদ চট্টোপাধ্যায়



১৩১ নং খতিয়ানের বার্ষিক মোট টাকা ৩৩.১২ ( তেত্রিশ টাকা বার পয়সা ) টাকা খাজনায় রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট ১৬২২ ষোল শত বাইশ দাগ ভুক্ত ০.৩৫ শতক শালি জমি ও অন্যান্য দাগের জমি অত্র কোবালা দাতা পৈতৃক সূত্রে প্রাপ্ত হইয়া ০.৩৫ শতক জমি ভোগ দখল করিতে থাকেন এবং বিগত রিভিসন্যাল জরিপে তাঁহার নাম রায়ত দখলিকার স্বত্বে লিপিবদ্ধ হয়। তদনুর উক্ত শ্রী রামপদ চট্টোপাধ্যায় অর্থাৎ অত্র কোবালা দাতা উক্ত সম্পত্তি এজমালে ভোগদখল থাকা কালীন উক্ত সম্পত্তি বিক্রয় করিবার প্রস্তাব করায় অত্র কোবালাদাতা উক্ত ১৬২২ নং দাগের একবন্দে চিহ্নিত মতে ও নির্দ্দিষ্ট ০.৩৫ শতক বা এক বিঘা এক কাঠা দুই ছটাক বত্রিশ স্কোয়ার ফিট শালি জমি মায় ইজমেণ্ট ও আওলাতাদি ও অন্যান্য স্বত্বাদি সহ সর্ব্ব প্রকারের স্বত্বাধিকার সহ সম্পত্তি আপনি - কোবালা গ্রহীতা ১৯৫৬ সনের কোম্পানী আইন অনুসারে রেজেষ্ট্রীভুক্ত লাইট মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিমিটেড কলকারখানা অফিস ইত্যাদি স্থাপনের উদ্দেশ্যে বিঘা প্রতি ৮০০০, আট হাজার টাকা পনে বিক্রয় করিতে ইচ্ছুক হওয়ায় ও আমি অত্র কোবালা দাতা নানা কারণে ও দেনাদি পরিশোধের নিমিত্ত নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় আমার খাস দখলীয় উক্ত জমির ০.৩৫ শতক ১৬২২ নং দাগের অর্থাৎ মাপ সুরত ১ বিঘা ১ কাঠা ২ ছটাক ৩২ স্কোয়ার ফিট জমি মায় সর্ব্ববিধ ইজমেণ্ট ও আওলাত ও সর্ব্বপ্রকার স্বত্বাদি একত্রে নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় বিক্রয় করিবার ঘোষনা করিলে আপনি অত্র কোবালা গ্রহীতা আপনার নিকট হইতে বর্ত্তমান বাজারোচিত সর্ব্বোচ্চ মুল্য বেলমোক্তা আট হাজার চারিশত সত্তর টাকা পনে গ্রহণ করিয়া ও উক্ত পণ মুল্যে অদ্য তারিখে - আপনার নিকট হইতে ধার্য্য পনের সমুদয় টাকা ৮,৪৭০.০০ আট হাজার চারশত সত্তর

টাকা পণ .....

Sadar Joint Sub-Registrar
Chinsurah, Hooghly

17/11/83

টাকা পন নগদ গ্রহণে অত্র সাফ বিক্রয় কোবালা মুলে নিম্ন 'ক' তপশীল বর্ণিত জমি আপনার নিকট বিক্রয় করতঃ চিরতরে নিঃসত্ব ও দখলচ্যুত হইলাম। এবং বিক্রীত জমিতে আপনাকে খাস দখল দিলাম। আপনি অদ্য হইতে বিক্রীত জমিতে আমার যাবতীয় সত্বে সত্ববান মালিক দখলিকার হইয়া মালেকান সরকারে ও অন্যান্য সরকারী ও বেসরকারী সংস্থায় আমার নামের পরিবর্তে নিজ নাম পত্তন ক্রমে করাদি আদায় পূর্ব্বক দান বিক্রয় বিলি পত্তনাদি সর্ব্বপ্রকার হস্তান্তর অবস্থান্তর ও ইট ইমারতাদি নির্মানের সত্বাধিকার সুত্রে সর্ব্ববিধ রুপান্তর করণের ক্ষমতাযুক্তে যদৃচ্ছামতে ব্যবহারে আমার তুল্য ক্ষমতা পরিচালনে স্থলাভিষিক্ত গণ ক্রমে পরম সুখে নির্ব্যুঢ় সত্বে সার্ব্বভৌম অধিকারে ভোগ দখল করিতে থাকুন। বিক্রীত ভূম্যাদিতে আমার যাহা কিছু সত্ব স্বামিত্ব দখল লভ্য হক হকিয়ৎ ছিল বা আছে তাহা অদ্য হইতে নির্ব্যুঢ় সত্বে নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় অদ্য হইতে চিরতরে রদ রহিত বিলুপ্ত ও ধ্বংস হইয়া আপনার নাম বরাবর নির্ব্যুঢ় সত্বে বর্ত্তাইল বা অর্শাইল। কস্মিনকালে আমি কিংবা আমার ওয়ারেশান ও স্থলাভিষিক্ত গণ ক্রমে কেহ অত্র বিক্রীত সম্পত্তির দরুন কোন প্রকার দাবী দাওয়া ওজরাপত্তি করিতে পারিব না বা পারিবে না। করিলেও তাহা সর্ব্বপ্রকার আদালতে সর্ব্বতোভাবে বাতিল ও অগ্রাহ্য হইবে। বিক্রীত 'ক' তপশীল বর্ণিত সম্পত্তি আমি ইতিপুর্ব্বে অন্য কাহারও নিকট কোন প্রকার হস্তান্তর বা হস্তান্তরের চুক্তিকিম্বা দায়াবদ্ধ বা রেহানাবদ্ধ করি নাই। বিক্রীত সম্পত্তিতে কোবালা দাতা ব্যতীত অন্য কোন শরিক অংশীদার বা দাবীদার নাই। বিক্রীত জমি বাকী করের দায়ে বা অন্য কোন কারণে কোন আদালত কর্ত্তৃক নিলাম বিক্রয় হয় নাই। অথবা বিক্রীত জমি সম্পর্কে কোন অফিস আদালতে কোন মামলা মোকদ্দমা চালিত নাই

বিক্রীত ....

17/1/83

Sadar Joint Sub-Registrar
Chinsurah, Hooghly

বিক্রীত জমি ব্যাঙ্কের দেনার দায়ে বা কাহারও সিকিউরিটিতে আবদ্ধ বা কোন আদালত কর্ত্তৃক কোন কারণে ক্রোকাবদ্ধ নাই। বিক্রীত জমি মদবোত্তর পীরোত্তর বা ট্রাষ্ট ভুক্ত সম্পত্তি নহে। বিক্রীত জমি গভর্ণমেণ্ট বা কোন যৌথ কোম্পানী কর্ত্তৃক - রিকুইজিসান এ্যাকুইজিসান কর হয় নাই। অথবা বিক্রীত জমি কোন প্রকারের সরকারে কোন কারণে বা কোন আইন বলে ভেষ্টেড হয় নাই বা কোন প্রকার এলাইনমেণ্টের অনুভুর্ক্ত হয় নাই। বিক্রীত জমি অল্প মেয়াদী বা দীর্ঘ মেয়াদী কোন প্রকার লীজ প্রদান বা ভাড়া বন্দোবস্ত দেওয়া হয় নাই। উক্ত জমিতে কোন বর্গাদার নাই বা কাহারও নাম বর্গাদাররূপে রেকর্ড হয় নাই। বিক্রীত ভুমি আমি কাহাকেও বেনামদারি নাই বা আমি কাহারও বেনামদার নহে। উহা সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ এবং মুক্তাবস্থায় - আমার বিক্রয়যোগ্য উত্তম স্বত্বাধিকার ও খাস দখল থাকা কালে আপনার নিকট বিক্রয় করতঃ বিক্রীত জমিতে আপনাকে খাস দখল দিলাম। ভবিষ্যতে আমার উক্তির বৈপরিত্য ঘটিয়া বা আমার শঠতা তঞ্চকতা প্রকাশিত হইয়া বা আমার স্বত্ব দখলের ন্যুনতা হেতু আপনার খরিদা স্বত্ব স্বার্থ বা দখলের কোন প্রকার হানি বা ক্ষতি হইলে আমি তজ্জন্য সম্পূর্ণ দায়ী ও দণ্ডনীয় হইব। এবং আইনতঃ ক্ষতি পুরণ সহ পনের সমুদয় টাকা এক - কালীন ফেরৎ দিতে ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণ ক্রমে বাধ্য ও সম্মত রহিলাম।

বিক্রীত জমির টাইটেল সম্পর্কীয় নিম্ন 'খ' তপশীলে বর্ণিত কাগজপত্র দলিলাদি যাহা আমার নিকট আছে তাহা আপনাকে অর্পন করিলাম ও অত্র বিক্রীত সম্পত্তি সম্পর্কে ভবিষ্যতে অন্য কাগজাদি থাকিলে বা প্রকাশ পাইলে আমি কোন অফিস আদালত সাক্ষ্য প্রমান সহি সাবুদ দিবার আবশ্যক হইলে তাহা বেওজরে আপনার তলবমত যে কোন অফিস আদালতে দর্শাইতে বাধ্য থাকিব ও উপস্থিত হইয়া আপনার অনুকুলে দিতে বাধ্য

ও সম্মত ...

17/11/83

Sadar Joint Sub-Registrar
Chinsurah, Hooghly

148/5



ও সম্মত রহিলাম ।

অত্র দলিলে কোন ভুল ভ্রান্তি থাকার দরুন ভবিষ্যতে অত্র দলিল পোষক কোন সংশোধনী দলিল বা সাপ্লীমেণ্টারী দলিল করিবার আবশ্যক হইলে, তাহা বে ওজর বিনা পনে আপনার খরচায় আপনার অনুকূলে সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিলাম ।

এতদর্থে স্বেচ্ছায় সুজ্ঞানে সুস্থ শরীরে নিজ হিতার্থে অন্যের বিনা প্ররোচনায় অত্র দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া পনের মুল্যের সমুদয় টাকা এক কালীন নগদ বুঝিয়া পাইয়া অত্র বিক্রয় কোবালা সহি সম্পাদন করিলাম । ইতি সন ১৩৮৯ সালের –

৩রা মাঘ ইংরাজী ১৯৮৩ সালের – ১৭ই জানুয়ারী,

"ক" তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় ।

জেলা হুগলী থানা মগরা সব রেজেষ্ট্রী চুঁচুড়া এলাকাধীন জেঃ এলঃ নং ১ রেঃ সাঃ নং ১৬১ পরগণা আর্শা মৌজা হোয়েরা । জেলা কালেকটারীর ৭নং তৌজী ভুক্ত বর্ত্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার অধীন বিগত রিভিসন্যাল জরিপে লিপিবদ্ধ নিম্ন খতিয়ান ও দাগের অন্তর্গত রায়ত দখলকরি স্বত্ব বিশিষ্ট ০.৩৫ শতক বা এক বিঘা এক কাঠা দুই ছটাক বত্রিশ স্কোয়ার ফিট শালি জমি মায় যাবতীয় আকর আওলাতাদি ও ইজমেণ্ট স্বত্বাদি দরবস্ত হক হকুক সম্পত্তি অত্র কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে ।

| খতিয়ান নং | দাগ নং | শ্রেণী | দাগের জমির পরিমান | বিক্রীত জমির পরিমান | বার্ষিক হারাহারি খাজনা |
|---|---|---|---|---|---|
| ১৩ | ১৬২২ | শালি | ০.৩৫ | ০.৩৫ | ৩৩.১২ পয়সা – |

খ তপশীল .....

Sadar Joint Sub-Registrar
Chinsurah, Hooghly

'খ' তপশীল বর্ণিত দলিলাদির পরিচয় ।

১। জেলা জরিপের মৌজা হোয়েরার ১৩ নং খতিয়ান ।
২। রিভিসন্যাল জরিপের মৌজা হোয়েরারর ১৩ নং খতিয়ান ।
৩। খাজনার রসিদ ।

॥ পনের টাকার জায় ॥

বায়না বাবদ ২৩শে জুন ১৯৮২ তারিখে লওয়া - ১৭০·০০ টাকা
বক্রী পনের টাকা ~~এলাহাবাদ~~ স্টেট ব্যাঙ্ক, মগরা ব্রাঞ্চের
উপর দিয়ত ব্যাঙ্ক ড্রাফট নং - TT/BD 411765
dated 12th January, 1983. ৮,৩০০·০০ টাকা

মোট টাকা ৮,৪৭০·০০ টাকা -

(মোট আট হাজার চারশত সত্তর টাকা মাত্র ।)

শ্রী রামপদ চট্টোপাধ্যায়

ইসাদী ঃ-

সাক্ষীগণ ঃ-

১। [illegible]
২। সুশীল কুমার কোলে
হোয়েরা - হুগলী
৩। S. Gupta
Calcutta.
৪। S. H. [illegible],
Advocate,
Calcutta.

[illegible]

Ram pada Chatterjee

টাইপকারক ঃ
[illegible]
শিয়ালদহ ।

Sadar Joint Sub-Registrar
Chinsurah, Hooghly

148
7

996
296
1292
90
1382
225
1607

তারিখ ইংরাজী ১৭ই জানুয়ারী ১৯৮৩
বাংলা ৩রা মাঘ ১৩৮৯

কোবালা গ্রহীতা ঃ –
লাইট মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিমিটেড

17/1/83
Sadar Joint Sub-Registrar
Chinsurah, Hooghly

কোবালাদাতা ঃ শ্রী রামপদ চট্টোপাধ্যায়

সাফ বিক্রয় কোবালা ।

No. 1
...me No. 3
...es No. 174 to 179
...ng No. 148
...the year 1983.

Sadar Joint Sub-Registrar
Chinsurah, Hooghly
14-6-11

অর, ডিগমাম এণ্ড কোং
এ্যাডভোকেট
২৯, নেতাজী সুভাষ রোড
কলিকাতা –

0-38

I
II